

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৩

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ দুই ব্যাক্তি সহ সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُصلِّي مَعَ الرَّجُلَيْنِ

আরবী

حَدَّثَنَا بُنْدَارٌ، مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي عَدِيّ، قَالَ أَنْبَأَنَا إِسْمَاعِيلُ بْنُ مُسْلِمٍ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ، قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا كُنَّا ثَلاَثَةً أَنْ يَتَقَدَّمَنَا أَحَدُنَا . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَجَابِرٍ وَأَنسِ بْنِ مَالِكُ . قَالَ أَبُو عِيسَى وَحِيثُ حَسَنٌ غَرِيبٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ مَالِكُ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ صَمُرَةَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا كَانُوا ثَلاَثَةً قَامَ رَجُلاَنِ خَلْفَ الإِمَامِ . وَرُويَ عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّهُ صَلَّى الله بِعَلْقَمَةَ وَالأَسْوَدِ فَأَقَامَ أَحَدَهُمَا عَنْ يَمِينِهِ وَالآخَرَ عَنْ يَسَارِهِ وَرَوَاهُ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَقَدْ تَكَلَّمَ بَعْضُ النَّاسِ فِي إِسْمَاعِيلَ بْنِ مُسْلِمٍ الْمَكِّيِّ مِنْ قِبَلِ حِفْظِهِ .

বাংলা

২৩৩. বুনদার মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) সামুরা ইবনু জুনদুব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন যে, আমরা যদি তিনজন হই তবে সালাতের সময় একজনকে যেন (ইমামতের জন্য) সামনে দাঁড় করিয়ে নেই। - তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসঊদ, জাবির ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ সামুরা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও গরীব। আলিম ও ফকীহগণ এর মর্মানুসারে আমল করেছেন। তাঁরা বলেন, মুসুল্লি যদি তিনজন হয় তবে দুইজন ইমামের পিছনে দাঁড়াবে। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি একবার আলকামা ও আসওয়াদ (রহঃ) কে নিয়ে জামাআত করছিলেন। তখন তিনি তাদের একজনকে ডান পাশে এবং অপর জনকে বাম পাশে দাঁড় করিয়েছিলেন। রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এমন করেছিলে বলে তিনি বলেছিলেন। সামুরা ইবন জুনদুব রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটির অন্যতম রাবী ইসমাঈল ইবনু মুসলিম আল মক্কীর স্মরণশক্তির বিষয়ে হাদিসবেত্তাগণের কেউ কেউ সমালোচনা করেছেন।



English

Samurah bin Jundub narrated:

"Allah's Messenger ordered us that when we were three, then one of us should stand forward."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

